# গণতান্ত্রিক ব্যবস্থা বাধাগ্রস্ত করা যাবে না: অস্থায়ী রাষ্ট্রপতি



ভারপ্রাপ্ত রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

দেশে গণতান্ত্রিক ধারা যেন কোনোভাবেই বাধাগ্রস্ত না হয় বলে মন্তব্য করেছেন অস্থায়ী রাষ্ট্রপতি হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম। তিনি বলেন, ভবিষ্যতে যেন আর কোনো স্বৈরশাসনের জন্ম না হয়, সে জন্য সরকার ভুল করলে তা গঠনমূলকভাবে সংশোধনের উদ্যোগ নিতে হবে।

শুক্রবার (৭ আগস্ট) রাতে রাজধানীর কুর্মিটোলা গলফ ক্লাবে বাংলাদেশ লিবারেশন ওয়ার কোর্সের ৫৪তম কমিশনিং ডে ও ফেলোশিপ ডে উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

অস্থায়ী রাষ্ট্রপতি বলেন, রাজনৈতিক দলগুলোরও আত্মসমালোচনা ও শিক্ষা নেওয়ার প্রয়োজন রয়েছে। তার ভাষ্য, সাম্য, মানবিক মর্যাদা ও গণতন্ত্র প্রতিষ্ঠার লক্ষ্যেই ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের পাশাপাশি ২০২৪ সালের জুলাই-আগস্টের আন্দোলন সংঘটিত হয়েছে। কিন্তু স্বাধীনতার দীর্ঘ সময় পরও সেই আকাঙ্ক্ষা পুরোপুরি বাস্তবায়িত হয়নি। এ অবস্থার জন্য রাজনৈতিক দলগুলোর ক্ষমতা ও অর্থকেন্দ্রিক মানসিকতাকে দায়ী করেন তিনি।

LENS ASIA